

2 0 1 8

BENGALI

(Major)

Paper : 3.1

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০
- (ক) কৃষ্ণিবাস ওঝা রচিত রামায়ণ কাব্যটির নাম কী ?
- (খ) কোন্ গ্রামে কাশীরাম দাসের জন্ম হয় ?
- (গ) মুকুন্দ চক্রবর্তী রচিত চণ্ডীমঙ্গল গ্রন্থটির নাম কী ?
- (ঘ) শ্রীহট্টের উপভাষায় 'সুকন্নানি' কার ভনিতা ?
- (ঙ) নারায়ণ দেবের জন্মভূমি কোথায় ?
- (চ) বিজয়গুপ্তের 'মনসামঙ্গল' কি নামে খ্যাত ?
- (ছ) বৈষ্ণব সমাজে 'চৈতন্যালীলার ব্যাস' বলে কোন্ কবি
সম্মানিত হয়েছেন ?
- (জ) দৌলত কাজীর জন্ম কোথায় হয়েছিল ?

(2)

- (ঝ) কোন্ রচনার দ্বারা সৈয়দ আলাওল হিন্দু-মুসলমান উভয় সমাজেই অতিশয় জনপ্রিয়তা অর্জন করেছিলেন ?
- (ঞ) সাধক কবি কমলাকান্ত ভট্টাচার্য মধ্যযুগের কোন্ সাহিত্যধারার কবি ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) মধ্যযুগের মঙ্গলকাব্যের কোন্ অংশ দুটি প্রায় সম্পূর্ণভাবেই পুরাণের আদর্শ অনুসারে রচিত হয়েছিল ?
- (খ) মধ্যযুগের শ্রেষ্ঠ ঐতিহাসিক মহাপুরুষ শ্রীচৈতন্যদেবকে অবলম্বন করে রচিত জীবনী-কাব্যের মধ্যে যে কোনো দুটির নাম লেখো।
- (গ) মনসামঙ্গল কাব্যধারার দুজন কবির নাম লেখো।
- (ঘ) মহাপ্রভু শ্রীচৈতন্যদেবের আবির্ভাব কাল ও তিরোভাব কালের উল্লেখ করো।
- (ঙ) কবে, কোথা থেকে ‘কৃতিবাসী রামায়ণ’ সর্বপ্রথম মুদ্রিত হয় ?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) টীকা লেখো :
কাহ্নপাদ অথবা ভূসুকুপাদ
- (খ) বিদ্যাপতি সম্পর্কে সংক্ষিপ্ত টীকা রচনা করো।
- (গ) বিপ্রদাস পিপলাই কোন্ ধারার কবি ? তাঁর সম্পর্কে সংক্ষিপ্ত টীকা লেখো।

(3)

- (ঘ) ‘মহারাষ্ট্রপুরাণ’ সম্পর্কে সংক্ষেপে টীকা লেখো।
- (ঙ) ‘খেতুরি মহোৎসব’ সম্পর্কে নাতিদীর্ঘ টীকা লেখো।
- (চ) ‘গোরক্ষবিজয়’ কাব্য সম্পর্কে একটি সংক্ষিপ্ত টীকা প্রস্তুত করো।

৪। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

১০×৪=৪০

- (ক) “মধ্যযুগের বাংলা সাহিত্য অনুবাদকর্মের দ্বারা বিশেষভাবে সমৃদ্ধ হয়েছিল।” উক্তিটির আলোকে কাশীরাম দাসের কৃতিত্ব ও তাঁর কাব্যের বৈশিষ্ট্য আলোচনা করো।
- (খ) বিজয়গুপ্তের কবি-পরিচিতি আলোচনা করে মনসামঙ্গল কাব্যধারায় তাঁর শ্রেষ্ঠত্বের নিদর্শনরূপে বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।
- (গ) মহাপ্রভু শ্রীচৈতন্যদেবের “জীবন-চরিত-সাহিত্য এই সময়ে বঙ্গভাষার এক নূতন অধ্যায় উন্মুক্ত করিয়া দেয়”। মহাপ্রভুর জীবনীগ্রন্থের বৈশিষ্ট্যের আলোকে কৃষ্ণদাস কবিরাজের গ্রন্থটির সার্থকতা সম্পর্কে আলোচনা করো।
- (ঘ) মুকুন্দ চক্রবর্তীর কবি-প্রতিভা ও কাব্যের বৈশিষ্ট্য সম্পর্কে বিস্তারিত আলোচনা করো।
- (ঙ) কি কি কারণে ষোড়শ শতককে মধ্যযুগের বাংলা সাহিত্যের ঐশ্বর্য যুগ বলা যেতে পারে তা আলোচনা করে দেখাও।
- (চ) রামপ্রসাদের কাব্য ও কবি-প্রতিভা সম্পর্কে আলোচনা করো।

- (ছ) রোসাও রাজসভার কাব্য-বৈশিষ্ট্য আলোচনা প্রসঙ্গে কবি দৌলত কাজীর কবি-প্রতিভা ও কাব্য সম্পর্কে আলোচনা করো।
- (জ) “মঙ্গলকাব্যগুলি মধ্যযুগের সামাজিক জীবনের পটচিত্র; দেবমহিমা প্রচারের অন্তরাল থেকে সাধারণ মানুষের সুখ-দুঃখের কাহিনি এগুলির বাস্তবভিত্তিকে দৃঢ় করেছে।” তোমার পঠিত চণ্ডীমঙ্গলের কাহিনির বিষয়বস্তু অবলম্বনে উক্তিটির যথার্থতা প্রতিপন্ন করো।

★ ★ ★